



জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
গাজীপুর

স্মারক নং-জাতীঃবিঃ/পনি/অনার্স পাঠ-২/২০২২/১০১৬৪

তারিখ : ১৮/০২/২০২৪ খ্রিঃ

ব্যবহারিক পরীক্ষার বিজ্ঞপ্তি


সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে ২০২২ সালের অনার্স ২য় বর্ষ ব্যবহারিক পরীক্ষা আগামী ২২/০২/২০২৪ হতে ২১/০৩/২০২৪ তারিখের মধ্যে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার নম্বরপত্র ও পরীক্ষকগণের বিল গ্রহণপূর্বক Online এবং ম্যানুয়াল নম্বর ফর্দ সংশ্লিষ্ট শাখায় জনাব মোঃ মোহসীন ইকবাল, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ২য় বর্ষ বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ব্যবহারিক পরীক্ষা গ্রহণ ও নম্বর প্রেরণের নিয়মাবলী

- ১। ব্যবহারিক পরীক্ষার বহিঃপরীক্ষকের নাম Online (Message) এর মাধ্যমে সংশ্লিষ্ট কলেজ এবং বহিঃপরীক্ষককে জানানো হবে।
- ২। **TMIS-এ Login করে বহিঃপরীক্ষকগণ তাদের নিয়োগপত্র Download করে নিবেন এবং প্রত্যেক কলেজ কর্তৃপক্ষ তাদের College Profile-এ প্রবেশ করে সংশ্লিষ্ট বিষয়ের বহিঃপরীক্ষকের নামের তালিকা Download করে নিতে হবে।**
- ৩। কলেজ কর্তৃপক্ষ বহিঃপরীক্ষকের সাথে যোগাযোগ করে পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণ করবেন। নির্ধারিত তারিখের মধ্যেই পরীক্ষা সম্পন্ন করতে হবে।
- ৪। বহিঃপরীক্ষক অপারগতা প্রকাশ করলে সংশ্লিষ্ট শাখায় ফোন নম্বরে যোগাযোগ করে বহিঃপরীক্ষকের নাম পরিবর্তন করে নিতে হবে। **কোন অবস্থাতেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদন না নিয়ে বহিঃপরীক্ষক নিয়োগ এবং পরীক্ষা গ্রহণ করা যাবে না।**
- ৫। ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের কলেজভিত্তিক নম্বরপত্র এবং হাজিরাপত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের **EMS** সফটওয়্যারের ওয়েব সাইট (cms.nu.ac.bd) সেন্টার প্যানেল থেকে ডাউন লোড করে Print নিতে হবে। পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করে বহিঃপরীক্ষক ও অন্তঃপরীক্ষক নম্বরফর্দে পরীক্ষার্থীদের নাম, রোল এবং রেজিঃ নম্বর যাচাই করে তার বিপরীত প্রাপ্ত নম্বর প্রদান করবেন। একই সাথে হাজিরাপত্রে পরীক্ষার্থীদের স্বাক্ষর গ্রহণ করবেন। **উল্লেখ্য যে, ব্যবহারিক পরীক্ষার নম্বরফর্দ অবশ্যই কালো বলপেন দিয়ে লিখতে হবে। বিস্তারিত নির্দেশাবলী সংযুক্তিতে দেখুন।**
- ৬। সকল পরীক্ষার্থীর পরীক্ষা গ্রহণ শেষে বহিঃপরীক্ষকের উপস্থিতিতে পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বর **EMS** সফটওয়্যারে ডাটা এন্ট্রি করতে হবে। নম্বর অন-লাইনে Final-Submit করার পূর্বে সকল পরীক্ষার্থীর নম্বর সঠিকভাবে এন্ট্রি হয়েছে কিনা তা ভালভাবে যাচাই করে নিতে হবে।
- ৭। ডাটা এন্ট্রি ও অন-লাইনে প্রেরণের পর প্রেরিত নম্বরপত্রের Print out নিতে হবে। মূল কপি এবং Print কপিতে বহিঃপরীক্ষক এবং অন্তঃপরীক্ষক নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন। একই সাথে হাজিরা পত্রে প্রতি পৃষ্ঠার নির্ধারিত স্থানে বহিঃ ও অন্তঃপরীক্ষক স্বাক্ষর করবেন। অনুপস্থিত পরীক্ষার্থীদের নম্বরপত্র এবং হাজিরা পত্রে অবশ্যই Absent লিখতে হবে। কোন ঘর কোন অবস্থাতেই খালি রাখা যাবে না।
- ৮। Print out এর একটি কপি বহিঃপরীক্ষক নিজে সংরক্ষণ করবেন এবং এক কপি বিভাগীয় প্রধান/অধ্যক্ষ সংরক্ষণ করবেন। টপসীট, নম্বরপত্রের মূল কপি এবং মূল হাজিরা পত্র নির্ধারিত খামে ভরে সীলগালা করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ২য় বর্ষ শাখা এবং এক কপি Print out পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এ ঠিকানায় পাঠাতে হবে। খামের উপরে ব্যবহারিক নম্বর, বিষয়, বিষয়কোড লিখতে হবে। হাজিরা পত্রের ০১ টি ফটোকপি বিভাগীয় প্রধান/অধ্যক্ষের অফিসে সংরক্ষণ করতে হবে।
- ৯। তালিকায় নাম নাই এমন কোন পরীক্ষার্থীর ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা যাবে না। যদি কোন বৈধ পরীক্ষার্থীর নাম Print out এ না থাকে তাহলে প্রয়োজনীয় কাগজ এবং প্রবেশপত্রসহ সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করে ডাটায় নাম অন্তর্ভুক্ত করে নিতে হবে।
- ১০। ব্যবহারিক পরীক্ষা কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজ ছাড়া অন্য কলেজের পরীক্ষার্থী থাকলে পরীক্ষা গ্রহণ করে পৃথক নম্বরফর্দ ও হাজিরাপত্র তৈরি করে পৃথক নামে নিয়মানুযায়ী পাঠাতে হবে। অন-লাইনে নম্বর প্রেরণের জন্য আওতাধীন কলেজের অধ্যক্ষের বরাবরে একটি কপি সীলগালা করে পাঠাতে হবে। সংশ্লিষ্ট অধ্যক্ষ মহোদয় কলেজের পাসওয়ার্ড ব্যবহার করে অন-লাইনে তাঁর কলেজের পরীক্ষার্থীদের নম্বর প্রেরণ করবেন।
- ১১। ডাটা প্রেরণের ক্ষেত্রে নিজ নিজ কলেজের পাসওয়ার্ড এর গোপনীয়তা রক্ষা করতে হবে। বিশ্ববিদ্যালয়ে প্রেরিত মূল নম্বরপত্র (হাতে এন্ট্রি) এবং অন-লাইনে এন্ট্রি করা নম্বরে কোন প্রকার গরমিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ দায়ী থাকবে।
- ১২। ব্যবহারিক বিষয়ের প্রশ্নপত্র বহিঃপরীক্ষকের অনুপস্থিতিতে খোলা যাবে না এবং সে অনুযায়ী অনুশীলন করা যাবে না।
- ১৩। যেকোন সমস্যা হলে প্রয়োজনে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ২য় বর্ষ শাখার ফোন নং-০২-৯৯৬৬৯১৫৫২ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।
- ১৪। কলেজের ব্যবহারিক পরীক্ষা শেষ হলে ০৭ (সাত) দিনের মধ্যে নম্বরপত্রের মূলকপি ও অন-লাইনে প্রেরিত শিক্ষকগণের বিলের কপি সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।
- ১৫। কলেজ কর্তৃক জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুমোদন বিহীন বহিঃপরীক্ষকের মাধ্যমে ব্যবহারিক পরীক্ষা নিলে উক্ত নম্বরপত্র গ্রহণ করা হবে না। সে কারণে পরীক্ষার্থীর ফলাফল স্থগিত থাকবে।

অনলাইনে অন্তঃপরীক্ষক ও বহিঃপরীক্ষকগণের বিল প্রেরণের নিয়মাবলী

- সফটওয়্যার এর মাধ্যমে Practical Data Entry করার জন্য কলেজের নিজস্ব একটি Gmail Address থাকতে হবে। যেসব কলেজের Gmail Address রয়েছে সেটি দিয়েই Login করতে পারবেন। উল্লেখ্য, এখানে নতুন কোন User Name ও password প্রয়োজন নাই। Gmail এ Login করলে উক্ত সিস্টেমে প্রবেশ করা যাবে। অতঃপর Login করার জন্য বর্ণিত URL Web Address: <http://103.113.200.36/PAMS/CollegeLogin.aspx> ব্যবহার করুন।
 - Login করার পর মেনু অপশন থেকে Practical Examiner Entry Option select করুন। তারপর Examiner এর তথ্যাবলী সংযুক্ত করতে হবে। Entry করার সময় কোন তথ্য ভুল হলে Delete পূর্বক পুনরায় সংযোজন করুন।
 - Examiner এর তথ্য সন্নিবেশিত হওয়ার পর তা Confirm করতে হবে। Confirm করার পর কোন তথ্য পরিবর্তন করা যাবে না।
 - সকল তথ্য Confirm করার পর Download Practical Examiner List মেনু অপশনব্যবহার পূর্বক Download করে প্রিন্টকপি অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন উপ-পরীক্ষা নিয়ন্ত্রক অনার্স ২য় বর্ষ শাখায় প্রেরণ করতে হবে।
 - বিল দাখিলের সময় বহিঃপরীক্ষক/অন্তঃপরীক্ষকগণের নাম/TMIS একই কেন্দ্রে দুইবার এন্ট্রি করতে পারবেন না।
 - বিল সংক্রান্ত যেকোন সমস্যার জন্য ০১৮৭২-২১৫৯১৪ নম্বরে যোগাযোগ করুন।
- বিঃদ্রঃ ব্যবহারিক পরীক্ষার জন্য নম্বরপত্র ও বিল প্রেরণের পর কোন প্রকার সংশোধন, সংযোজন বা পরিবর্তন করা যাবে না।


(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭

ই-মেইল : controller@nu.ac.bd

তারিখ : ১৮/০২/২০২৪ খ্রিঃ

স্মারক নং-জাতীঃবিঃ/পনি/অনার্স পাঠ-২/২০২২/১০১৬৪

অনুলিপি, অবগতি ও কার্যার্থে :

- ১। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর। (বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশ ও সফটওয়্যারে প্রদানের ব্যবস্থার জন্য অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ৩। অফিস কপি।


পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪



EMS সফটওয়্যারের মাধ্যমে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার নম্বর এন্ট্রি সম্পর্কিত নির্দেশাবলী জাতীয় বিশ্ব বিদ্যালয়, গাজীপুর

যে কোন ব্রাউজার থেকে ems.nu.ac.bd লিঙ্কে প্রবেশ করে "Center/Regional-center login" মেনুতে ক্লিক করে কেন্দ্রের ইউজার ইমেইল ও পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে। লগইন করার পর পরীক্ষা এবং পরীক্ষার সাল অর্থাৎ যে পরীক্ষার ব্যবহারিক ও মৌখিক নম্বর এন্ট্রি করবে তসিলেক্ট করতে হবে। পরবর্তীতে ডিপার্টমেন্ট মেন্ট ইউজার তৈরী করতে হবে। ডিপার্টমেন্ট ইউজার কেবল ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার নম্বর এন্ট্রি করতে পারবে।

ডিপার্টমেন্ট ইউজার তৈরী করার নিয়মঃ

- প্রথমে Center Management Module মেনু থেকে Department Users List মেনুতে ক্লিক করতে হবে।
- এরপর ডানপাশের **New Department User** বাটনে ক্লিক করে ইউজারের নাম, ইমেইল এবং পাসওয়ার্ড দিয়ে সেভ বাটনে ক্লিক করে ডিপার্টমেন্ট ইউজার তৈরী করতে হবে।
- তৈরী করা ইউজারকে ডিপার্টমেন্ট অনুযায়ী সাবজেক্ট Assign করতে হবে। Assign করার জন্য Department Users List টেবিল থেকে ইউজারের নামের শেষে Action বাটনে ক্লিক করে ডিগ্রী, ডিগ্রী গ্রুপ ও বিষয় সিলেক্ট করে Assign করতে হবে।
- পরবর্তীতে ডিপার্টমেন্ট অনুযায়ী ইউজারের ইমেইল ও পাসওয়ার্ড ব্যবহার করে Center/Regional-center login মেনুতে ক্লিক করে লগইন করতে হবে।

ডিপার্টমেন্ট ইউজার দিয়ে ব্যবহারিক পরীক্ষার নম্বর এন্ট্রি নিয়ম

- ডিপার্টমেন্ট ইউজারের ইমেইল ও পাসওয়ার্ড ব্যবহার করে EMS সফটওয়্যারের "Center/Regional-center login" মেনুতে ক্লিক করে লগইন করতে হবে।
- লগইন করার পর প্রথমেই নির্ধারিত পরীক্ষা এবং পরীক্ষার সাল নির্বাচন করতে হবে।
- বাম পাশের মেনু বার থেকে "Practical Viva Exam Module" মেনু র "Practical Exam Marks" মেনুতে ক্লিক করে স্ক্রিনের ডান দিকে Marks Entry বাটনে ক্লিক করতে হবে।
- "Marks Entry" বাটনে ক্লিক করলে "Get Student List" বক্সে সাবজেক্ট এবং পেপার নির্বাচন করতে হবে।
- "Get Student List" বক্সে সাবজেক্ট এবং পেপার নির্বাচন করলে "Get Student List", "Download Student List" এবং "Download Blank Mark Input List" এই তিনটি বাটন পাওয়া যাবে।
- Download Student List বাটনে ক্লিক করলে ব্যবহারিক পরীক্ষার্থীদের তালিকা ডাউনলোড হবে Download Blank Mark Input List বাটনে ক্লিক করলে ব্যবহারিক পরীক্ষার্থীদের ব্রাউজ মার্ক ইনপুট লিস্ট ডাউনলোড হবে।
- Get Student List বাটনে ক্লিক করলে ব্যবহারিক পরীক্ষার নম্বর এন্ট্রি করার জন্য ছক পাওয়া যাবে। নির্ধারিত সেলে পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বর এবং অনুপস্থিত থাকলে 0 পূরণ করে Submit বাটনে ক্লিক করতে হবে।
- পরীক্ষার্থীদের হাজিরা শীট ডাউনলোড করার জন্য "Practical Candidate List" মেনুতে ক্লিক করে "Custom Search Panel" এ ক্লিক করে নির্ধারিত সাবজেক্ট সিলেক্ট করলে পরীক্ষার্থীদের তালিকা এবং ডাউনলোড করার অপশন পাওয়া যাবে।
- এন্ট্রি করা নম্বর আপডেট করার জন্য Practical Mark List টেবিলের ACTION কলামের EDIT বাটনে ক্লিক করে আপডেট করা যাবে।
- সর্বশেষ Practical Mark List টেবিলের ACTION কলামের REVIEW বাটনে ক্লিক করে Review Practical Marks পেইজের শেষে FINAL SUBMIT বাটনে ক্লিক করে ব্যবহারিক নম্বর জাতীয় বিশ্ব বিদ্যালয়ের সার্ভারে প্রেরণ করতে হবে। FINAL SUBMIT করার পর নম্বর পরিবর্তন করা যাবে না।

ডিপার্টমেন্ট ইউজার দিয়ে মৌখিক পরীক্ষার নম্বর এন্ট্রি নিয়ম

- ডিপার্টমেন্ট ইউজারের ইমেইল ও পাসওয়ার্ড ব্যবহার করে EMS সফটওয়্যারের "Center/Regional-center login" মেনুতে ক্লিক করে লগইন করতে হবে।
- লগইন করার পর প্রথমেই নির্ধারিত পরীক্ষা এবং পরীক্ষার সাল নির্বাচন করতে হবে।
- বাম পাশের মেনু বার থেকে "Practical Viva Exam Module" মেনু র "Viva Exam Marks" মেনুতে ক্লিক করে স্ক্রিনের ডান দিকে Marks Entry বাটনে ক্লিক করতে হবে।
- Marks Entry বাটনে ক্লিক করলে "Get Student List" বক্সে সাবজেক্ট এবং পেপার নির্বাচন করতে হবে।
- Get Student List বক্সে সাবজেক্ট এবং পেপার নির্বাচন করলে "Get Student List", "Download Student List" এবং "Download Blank Mark Input List" এই তিনটি বাটন পাওয়া যাবে।
- Download Student List বাটনে ক্লিক করলে ব্যবহারিক পরীক্ষার্থীদের তালিকা ডাউনলোড হবে Download Blank Mark Input List বাটনে ক্লিক করলে ব্যবহারিক পরীক্ষার্থীদের ব্রাউজ মার্ক ইনপুট লিস্ট ডাউনলোড হবে।
- Get Student List বাটনে ক্লিক করলে ব্যবহারিক পরীক্ষার নম্বর এন্ট্রি করার জন্য ছক পাওয়া যাবে। নির্ধারিত সেলে পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বর এবং অনুপস্থিত থাকলে 0 পূরণ করে Submit বাটনে ক্লিক করতে হবে।
- পরীক্ষার্থীদের হাজিরা শীট ডাউনলোড করার জন্য "Viva Candidate List" মেনুতে ক্লিক করে "Custom Search Panel" এ ক্লিক করে নির্ধারিত সাবজেক্ট সিলেক্ট করলে পরীক্ষার্থীদের তালিকা এবং ডাউনলোড করার অপশন পাওয়া যাবে।
- এন্ট্রি করা নম্বর আপডেট করার জন্য Viva Mark List টেবিলের ACTION কলামের EDIT বাটনে ক্লিক করে আপডেট করা যাবে।
- সর্বশেষ Viva Mark List টেবিলের ACTION কলামের REVIEW বাটনে ক্লিক করে Review Viva Marks পেইজের শেষে FINAL SUBMIT বাটনে ক্লিক করে মৌখিক পরীক্ষার নম্বর জাতীয় বিশ্ব বিদ্যালয়ের সার্ভারে প্রেরণ করতে হবে। FINAL SUBMIT করার পর নম্বর পরিবর্তন করা যাবে না।

টেকনিক্যাল সাপোর্টের জন্য ইমেইল করতে পারেন : support.ems@nu.ac.bd